# Times Today BD

ডেস্ক রিপোর্ট | লাইফস্টাইল | 27 May, 2025

প্রেম নাকি আচমকাই চলে আসে জীবনে।সবদিক ভেবেচিন্তে, নানা কিছু পরিকল্পনা করে প্রেম শুরু করা বেশ কঠিনই বটে।তবে একেবারে অপ্রস্তুত অবস্থায় শুরু করা প্রেমের ভবিষ্যৎ কিন্তু বেশ অন্ধকার হতে পারে।প্রেমে পড়লেও নিজেকে প্রশ্ন করুন, একটি সম্পর্কে জড়াতে কি আপনি সত্যিই প্রস্তুত?

প্রেমের সম্পর্কে কেবল ভালো লাগার অনুভূতিই থাকে না।থাকে মান-অভিমান, দুঃখ-বেদনাও।আরও একটি গুরুত্বপূর্ণ বিষয় থাকে।তা হলো দায়িত্ববোধ।সবটা মিলিয়েই জমে ওঠে সম্পর্কের রসায়ন।তাই প্রেমের সম্পর্কে জড়ানোর আগে অন্তত কিছু বিষয় নিজের কাছে পরিষ্কার করে নেওয়া জরুরি।এ প্রসঙ্গে বলছিলেন রাজধানীর স্কয়ার হাসপাতাল লিমিটেডের চিকিৎসা মনোবিজ্ঞানী শারমিন হক।

ছাড় দেওয়ার মানসিকতা

একটি প্রেমের সম্পর্কে জড়ালে কিছু বিষয়ে ছাড় দিতেই হবে আপনাকে।বিষয়টি আগেই ভেবে দেখুন।ধরা যাক, আপনি চাইছেন মন উজাড় করে গল্প করতে, ঠিক ওই সময় আপনার সঙ্গীর মন পড়ে আছে পৃথিবীর অপর পাশের এক স্টেডিয়ামে।নানা সময়ে নানা কারণেই দুজনের ইচ্ছা দুই মেরুতে থাকতে পারে।কিন্তু ভালো সঙ্গী হতে হলে খানিকটা ছাড় দিতে হয় দুজনকেই।

দায়িত্ব নেওয়ার শক্তি

কেবল ভালোবাসলেই দায়িত্ব শেষ হয়ে যায় না।বরং ভালোবাসলে দায়িত্বের পরিধি আরও বাড়ে।সঙ্গীর মনের দিকে খেয়াল রাখাই কিন্তু এক বিশাল দায়িত্ব।দুজনের ক্যারিয়ার এবং জীবনের অন্যান্য বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণের সময় দায়িত্বশীলতার পরিচয় দিতে হবে আপনাকে। সেই শক্তি আপনার আছে কি না, ভেবে দেখুন।

আপনার সঙ্গী কি নিজেকে নিয়েই ব্যস্ত

গল্প-উপন্যাস কিংবা নাটক-সিনেমায় অনেক সময় প্রেমকে অতিরঞ্জিত করে দেখানো হয়।সামাজিক যোগাযোগমাধ্যমেও প্রেমসংক্রান্ত নির্দিষ্ট কিছু ঘটনার আকর্ষণীয় ছবি বা কনটেন্ট দেখা যায়।বাস্তবে প্রেম সব সময় এতটা নাটকীয় হয় না।তাই প্রেম নিয়ে অবাস্তব প্রত্যাশা রাখা উচিত নয়।ধরা যাক, সৌন্দর্যের আকর্ষণে আপনি কারও প্রেমে পড়েছেন।তাতে ক্ষতি নেই।তবে মনে রাখবেন, পরিপাটি রূপের বাইরেও প্রতিটি মানুষের একটা সাদামাটা রূপ থাকে।বয়সের সঙ্গে কিছু পরিবর্তনও আসে সবার।আবার অসম প্রেমে জড়ানোর আগেও আপনাকে অবশ্যই বাস্তববাদী হয়ে ভাবতে হবে।

সঙ্গীর শতভাগই নিজের নয়

আপনি সঙ্গীকে যতই ভালোবাসুন না কেন, তিনি একজন আলাদা মানুষ। একটি ভিন্ন সত্তা। তাঁর ‘মি টাইম’ বা নিজের মতো করে সময় কাটানোর অধিকার আপনি কেড়ে নিতে পারেন না।তাঁর বন্ধুবান্ধব কিংবা পরিবার নিয়েও আপনি প্রশ্ন তুলতে পারেন না।

বিশ্বাসের বিকল্প নেই

বিশ্বাসই একটি সম্পর্কের ভিত। এ ভিত এক দিনে গড়ে ওঠে না। যেকোনো সংবেদনশীল বিষয় আপনার পছন্দের মানুষটির সঙ্গে ভাগ করে নেওয়ার আগে ভেবে দেখতে হবে, বিশ্বাসের সেই স্তরে আপনারা পৌঁছেছেন কি না।অন্ধ বিশ্বাসের কারণে বিপদেও পড়েন বহু মানুষ।বিপদের কথাও মাথায় রাখুন সম্পর্কে জড়ানোর আগে।

প্রেম ভালোবাসা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:40

URL: https://www.timestodaybd.com/public/lifestyle/300040134